

## সরকারি প্রাথমিক শিক্ষকদের পদ ও বেতন স্কেল উন্নীত হচ্ছে

প্রধান শিক্ষকের বেতন ১৬,৫৪০ টাকা • সহকারি শিক্ষক ১৩,১২৫ টাকা

### শ্যামল সরকার

অবশ্যে প্রায় চার লাখ সরকারি প্রাথমিক শিক্ষকের জগা খুসখুসে। প্রধান শিক্ষকদের পদকে দ্বিতীয় শ্রেণিতে উন্নীত এবং সহকারি শিক্ষকদের বেতন স্কেলের ধাপও উন্নীত করার বিষয়টি সরকার নীতিগত অনুমোদন দিয়েছে। এ দুটি ক্ষেত্রে প্রাথমিক শিক্ষকদের সুবিধা দিতে বর্তমানের চেয়ে বছরে ব্যয়

বাড়বে ৬৪ কোটি টাকা। সরকারের এ সিদ্ধান্তের ফলে প্রধান শিক্ষকের পদের বার তৃতীয় থেকে দ্বিতীয় শ্রেণিতে উন্নীত হবে এবং বিদ্যমান বেতন ৮ হাজার থেকে ১৬ হাজার ৫৪০ টাকা হবে। প্রতিজন প্রধান শিক্ষকের বার্ষিক বেতন কমেবেশি ২৫০০ টাকা বাড়বে।

এ ছাড়া সহকারি শিক্ষকদের

পৃষ্ঠা ১১ কলাম

### সরকারি প্রাথমিক

#### প্রথম পৃষ্ঠার পর

বেতন স্কেল উন্নীত করার ফলে তাদের বেতন হবে ৫ হাজার ৯০০ টাকা থেকে বেড়ে ১৩ হাজার ১২৫ টাকা। প্রতিজনের ক্ষেত্রে বাড়বে বার্ষিক এক হাজার টাকা।

প্রসঙ্গত, দেশে এখন ৫৩ হাজার ৮৭১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। ১৯৭২ সালের পর বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন করে ২৬ হাজার ১৯৩টি বিদ্যালয় আত্মীয়করণ করেন-যেসব বিদ্যালয়ের শিক্ষকরাও এ সুযোগ পাবেন।

এখন প্রধান শিক্ষকের পদ হয়েছে ৫৩ হাজার ৮৭১টি এবং সহকারি শিক্ষকের পদ হয়েছে ৩ লাখ ৩৪ হাজার ২৩৬টি। অর্থাৎ মোট সুবিধাজোগী শিক্ষকের সংখ্যা বাড়াবে ৩ লাখ ৮৮ হাজার ১০৭জন। এ ছাড়া আরও ১৫০০ প্রাথমিক বিদ্যালয় অনুমোদন করেছে সরকার। এগুলোর নির্মাণ কাজ শেষ হলে সেখানেও প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষক নিয়োগ হবে। ফলে এ সংখ্যা আরও বাড়বে।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ বিষয়টি সুতিমধ্যে অনুমোদন দেয়া হয়েছে। অর্থ বিভাগও এ প্রস্তাব অনুমোদন করেছে বলে জানা গেছে। আজ বুধসন্ধ্যার জনপ্রিয় মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক আন্তঃমন্ত্রণালয় সভায় বিষয়টি চূড়ান্ত অনুমোদনের পর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তা গেজেট আকারে প্রকাশ করবে।

প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের পরিচালক ফারুক জমিদ পতরাতে ইত্তেফাককে বিষয়টি নিশ্চিত করে বলেন, চলতি মাসের মাঝামাঝি প্রাথমিক শিক্ষকদের আর্থিক সুবিধাসহ পদের মানোন্নয়নের বিষয়টি ঘোষণা করা সম্ভব হবে। তিনি বলেন প্রক্রিয়াগত কিছু কাজ বাকি রয়েছে। এগুলো দ্রুতই শেষ করার কাজ চলছে।